

(সংযুক্তিঃ ০১)
বিভাগীয় পরীক্ষা কমিটি গঠনের নীতিমালা
ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১ঃ সাধারণ নীতিমালাঃ

- ১.১ পরীক্ষা কমিটি গঠিত হবে কোর্স বন্টনের সময়।
- ১.২ পরীক্ষা কমিটির সভাপতি ও সদস্যগণ বিভাগীয় শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে ও পর্যায়ক্রমে মনোনীত হবেন।
- ১.৩ পরীক্ষা কমিটির সভাপতি ২টি চক্র (১ম থেকে ৩য় ১টি ও ৪র্থ বর্ষ ও এম.এস ১টি চক্র) এবং সদস্যগণ ১টি চক্রে জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে মনোনীত হবেন।

০২ঃ সভাপতি হওয়ার ক্ষেত্রে নীতিমালাঃ

- ২.১ এম. এ.স. ও বি.এস.-সি. (সম্মান) ৪র্থ বর্ষের সভাপতি হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম ০৩ বছরের সক্রিয় চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে অথবা সহযোগী অধ্যাপক অথবা অধ্যাপক হতে হবে।
- ২.২ বি.এসসি. (সম্মান) ১ম, ২য় এবং ৩য় বর্ষের ক্ষেত্রে সভাপতি হিসেবে দায়িত্ব পালনের জন্য সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম ০১ বছরের সক্রিয় চাকরীর অভিজ্ঞতা সম্পন্ন অথবা সহযোগী অধ্যাপক অথবা অধ্যাপক হতে হবে।
- ২.৩ একই শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে সর্বোচ্চ দুই বারের বেশি কোন শিক্ষক পরীক্ষা কমিটির সভাপতি হতে পারবেন না।
- ২.৪ একই শিক্ষক একই বছরে দুইটি পরীক্ষা কমিটির বেশি সভাপতি হতে পারবেন না।
- ২.৫ পরীক্ষা কমিটির কোন সভাপতি ছুটি বা অন্য কোন কারণে দায়িত্ব হস্তান্তর করলে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে একজন সভাপতি হবেন। তবে তিনি একাডেমিক কমিটি কর্তৃক অনুমোদিত হবেন।
- ২.৬ কোন সভাপতি যদি কোন পরীক্ষা কমিটির সভাপতির দায়িত্ব পালনে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইনে কোন বাধা না থাকা সাপেক্ষে অপারগতা প্রকাশ করেন সে ক্ষেত্রে তিনি চক্রে তার অবস্থান হারাবেন এবং পরবর্তী চক্রের আগে তিনি আর সভাপতি হওয়ার সুযোগ পাবেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার তত্ত্বীয় পরীক্ষার পূর্বে সংশ্লিষ্ট সদস্য কর্তৃক সভাপতির দায়িত্ব প্রাপ্তির ক্ষেত্রে সভাপতির মূল চক্রে স্থলাভিষিক্ত হয়েছেন বলে বিবেচিত হবে।
- ২.৭ এক বছরের বেশি শিক্ষা ছুটি অথবা লিয়েন শেষে বিভাগে যোগদানকারী কোন শিক্ষক নূন্যতম তিন মাসের পূর্বে কোন পরীক্ষা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালনের জন্য বিবেচিত হবেন না, তবে সদস্য হওয়ার ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়।

০৩ঃ সদস্য হওয়ার ক্ষেত্রে নীতিমালাঃ

- ৩.১ বিভাগের সকল শিক্ষক সমানুপাতিক হারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে সকল পরীক্ষা কমিটিতে অন্তর্ভুক্ত হবেন। তবে যে কোন পরীক্ষা কমিটিতে সদস্যদের মধ্য থেকে অন্তত পক্ষে একজন সদস্য সহকারী অধ্যাপক হিসাবে নূন্যতম ০১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন বা সহযোগী অধ্যাপক বা অধ্যাপক হতে হবে।
- ৩.২ ৪র্থ ও এম.এস. পরীক্ষা কমিটির সদস্য হতে হলে অত্র বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে দুই বছরের সক্রিয় চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩.৩ একই ব্যাচে কোন শিক্ষক পর পর দুই বছরের বেশি সদস্য হতে পারবেন না এবং তিন বারের বেশি সদস্য হতে পারবেন না।
- ৩.৪ পরীক্ষা কমিটির কোন সদস্য ছুটি কিংবা অন্য কোন কারণে দায়িত্ব হস্তান্তর করলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতি একজন নতুন সদস্য অন্তর্ভুক্তির জন্য বিভাগীয় সভাপতির নিকট পত্র লিখবেন। পরবর্তীতে একাডেমিক কমিটির মতামত ও নীতিমালার ভিত্তিতে একজন নতুন সদস্য অন্তর্ভুক্ত করা যাবে। এক্ষেত্রে সম্পূর্ণ দায়িত্ব পেলে নীতিমালার ভিত্তিতে হবেন এবং সম্পূর্ণভাবে না পেলে কো-অপ্ট হবেন। এক্ষেত্রে উল্লেখ্য যে, নতুন সদস্য অন্তর্ভুক্তিতে মডারেশনের পূর্বে হলে চক্র অনুযায়ী হবেন এবং মডারেশনের পরে হলে কো-অপ্ট হবেন।

০৪ঃ পরীক্ষা কমিটির সভাপতি ও সদস্য পদ না থাকার কারণঃ

- ৪.১ পরীক্ষা কমিটির কোন সভাপতি বা সদস্য মডারেশনের সময়/পরবর্তী নূন্যতম তিন মাসের যে কোন ছুটিতে গেলে তার সংশ্লিষ্ট কমিটির সভাপতি বা সদস্য পদ (যদি থেকে থাকেন) হারাবেন যেটি পরবর্তীতে একাডেমিক কমিটি নতুন ভাবে মনোনয়ন/কো-অপ্ট দিয়ে থাকবে। তবে মাতৃকালীন ছটির ক্ষেত্রে বিবেচনাযোগ্য।


ফিল্ড ওয়ার্ক সুপারভাইজার মনোনয়ন নীতিমালাঃ

০১. ফিল্ড ওয়ার্ক সুপারভাইজার হতে হলে কমপক্ষে সহকারী অধ্যাপক হতে হবে। তবে প্রভাষকগণ কো-সুপারভাইজার হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন।

খন্ডালীন শিক্ষক হিসাবে মনোনয়ন নীতিমালাঃ

০১. বিভাগ থেকে খন্ডালীন শিক্ষক হিসাবে মনোনয়ন পেতে হলে কমপক্ষে সহকারী অধ্যাপক অথবা প্রভাষক হিসাবে ৩ বছরের সক্রিয় চাকরীর অভিজ্ঞতা থাকতে হবে।

(০৮-০১-২০১৪ তারিখ থেকে এ নীতিমালা হালনাগাদ কার্যকর হল এবং প্রতি ১ বছর অন্তর নীতিমালাটি রিভিউ করা হবে।)


24.02.20
Muhammad Muhibbullah
Chairman
of Geography & Enviro
University of Chittagong